ভোরের কাগজ

তারিখ ... MAR. 28 1999
পৃষ্ঠা ১০ কলাম ৩

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

# বি,এড কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি
## শিক্ষা বর্ষ : ১৯৯৯-২০০০

১। নিম্নলিখিত শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়সমূহে ১৯৯৯-২০০০ শিক্ষা বর্ষে বি,এড কোর্সে ভর্তি হইতে ইচ্ছুক কেবলমাত্র বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে :

ক) শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, ঢাকা; (খ) শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, ময়মনসিংহ; (গ) শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় (মহিলা) ময়মনসিংহ (শুধুমাত্র মহিলাদের জন্য); (ঘ) শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, কুমিল্লা; (ঙ) শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, খুলনা; (চ) শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, রাজশাহী; (ছ) শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, যশোহর; (জ) শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, রংপুর; (ঝ) শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, ফেনী; (ঞ) শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, চট্টগ্রাম।

২। **আবেদনকারীর যোগ্যতা :**

(ক) কেবল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক ও শিক্ষকতায় নিয়োজিত নহেন ব্যক্তিগণ আবেদন করিতে পারিবেন।

(খ) **শিক্ষক ক্যাটাগরী :** শিক্ষক ক্যাটাগরীর আবেদনকারীদের মানবিক, বিজ্ঞান, বাণিজ্য, কৃষি ও গার্হস্থ্য অর্থনীতির যেকোন শাখায় ন্যূনতম স্নাতক ডিগ্রী এবং এস,এস,সি হইতে স্নাতক পর্যন্ত অন্তত একটি পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে। তবে স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতায় যাহাদের দশ বৎসর মেয়াদের অভিজ্ঞতা আছে তাহাদের ক্ষেত্রে এই শর্ত শিথিলযোগ্য।

(গ) আবেদনকারীদের বয়স অনুর্ধ্ব (৪০) চল্লিশ বৎসর হইবে। তবে মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ও সংশ্লিষ্ট শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের অধ্যক্ষের সুপারিশক্রমে অত্র অধিদপ্তরের মহাপরিচালক বয়সসীমা শিথিল করিতে পারিবেন।

(ঘ) **অশিক্ষক ক্যাটাগরী :**

(i) ঢাকা টিটি কলেজে ভর্তিচ্ছুক আবেদনকারীদের মানবিক, বিজ্ঞান, বাণিজ্য, কৃষি বা গার্হস্থ্য অর্থনীতির যেকোন শাখায় কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং এস,এস,সি হইতে স্নাতক পর্যন্ত সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে।

(ii) অন্যান্য টিটি কলেজে (ঢাকা টিটি কলেজ বাদে) ভর্তিচ্ছুক আবেদনকারীদের, মানবিক, বিজ্ঞান, বাণিজ্য, কৃষি, গার্হস্থ্য অর্থনীতির যেকোন শাখায় কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং এস,এসসি হইতে স্নাতক পর্যন্ত ন্যূনপক্ষে একটি পরীক্ষায় দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে।

৩। **দরখাস্ত করার নিয়মাবলী :**

(ক) সংযুক্ত ছক মোতাবেক আবেদন করিতে হইবে।

(খ) প্রার্থী যে শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ে ভর্তি হইতে ইচ্ছুক উহার অধ্যক্ষের নিকট ডাকযোগে বা ব্যক্তিগতভাবে আবেদনপত্র প্রেরণ/দাখিল করিতে পারিবেন। তবে আবেদনপত্র অবশ্যই ৬ই মে, ১৯৯৯ইং তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের নিকট পৌঁছাইতে হইবে।

(গ) আবেদনপত্রের সহিত নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই প্রেরণ করিতে হইবে :

(১) দুই কপি পাসপোর্ট সাইজের (ছবি গেজেটেড অফিসার/মাধ্যমিক স্কুলের প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা কর্তৃক সত্যায়িত) এবং প্রয়োজনীয় ডাক টিকেট ও নিজ ঠিকানাযুক্ত একটি খাম।

(২) আবেদনকারী স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারী স্কুল/মাদ্রাসায় কর্মরত শিক্ষক হইলে প্রশিক্ষণ কালে (অর্থাৎ ০১/০৭/৯৯ইং হইতে ৩০/০৪/২০০০ইং তারিখ পর্যন্ত) তাহাকে ছুটি মঞ্জুর করা হইবে এই মর্মে সংশ্লিষ্ট স্কুল/মাদ্রাসার ম্যানেজিং কমিটির সিদ্ধান্তের কপি, তাহার এমপিও এবং অভিজ্ঞতাসনদের সত্যায়িত ফটোকপি।

(৩) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের এবং ডিগ্রী পরীক্ষার মার্কসীটের সত্যায়িত ফটোকপি।

৪। **প্রার্থী বাছাই প্রণালী :**

(ক) প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর যাহারা যোগ্য বলিয়া বিবেচিত হইবেন শুধুমাত্র তাহাদিগকে ৭ই জুন ১৯৯৯ শনিবার সকাল ৮-৩০ মিনিটে সংশ্লিষ্ট কলেজে অনুষ্ঠিতব্য-মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। এই উদ্দেশ্যে কোন ভ্রমণ বা দৈনিক ভাতা দেওয়া হইবে না।

(খ) এস,এস,সি হইতে স্নাতক পর্যন্ত পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করিয়া প্রাথমিক বাছাই সম্পন্ন করা হইবে এবং বাছাইকৃত আবেদনকারীদের নিকট মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য চিঠি প্রেরণ করা হইবে। দুইজন প্রার্থী সমযোগ্যতা সম্পন্ন হইলে স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থী স্নাতকোত্তর ডিগ্রীবিহীন প্রার্থীর পূর্বে ভর্তির সুযোগ পাইবেন।

(গ) দুই বা ততোধিক প্রার্থী একই যোগ্যতাসম্পন্ন হইলে ডিগ্রী পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে নির্বাচন করা হইবে। ডিগ্রী পরীক্ষায় এক বা একাধিক প্রার্থী একই নম্বর পাইলে বয়োজ্যেষ্ঠ প্রার্থীকে মনোনয়ন দেওয়া হইবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্র ও প্রশংসাপত্রের মূল কপি দেখাইতে হইবে। মৌখিক পরীক্ষায় উপস্থিত হইতে ব্যর্থ হইলে ভর্তির জন্য অযোগ্য বিবেচিত হইবে।

(ঘ) মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের আসন সংখ্যা অনুযায়ী নির্বাচিত প্রার্থীদের একটি তালিকা অধ্যক্ষ কর্তৃক একই দিনে (৭ই জুন, ১৯৯৯) প্রকাশিত হইবে। ঐ দিনই মেধানুসারে প্রার্থীদের (মোট আসন সংখ্যার ১০%-এর অধিক নয়) একটি অপেক্ষমাণ তালিকাও প্রকাশ করা হইবে।

(ঙ) নির্বাচিত প্রার্থীদের সকল পরীক্ষা পাসের মূল সনদপত্র ও প্রশংসাপত্র দাখিল করিয়া এবং শিক্ষা বর্ষের যাবতীয় পাওনা জমা দিয়া ৮ই জুন হইতে ১৪ই জুন, ১৯৯৯-এর মধ্যে সংশ্লিষ্ট অধ্যক্ষ কর্তৃক নির্ধারিত তারিখে ভর্তি হইতে হইবে। ভর্তির সময় দেয় মোট টাকার পরিমাণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের প্রেরিতব্য প্রবেশপত্রে উল্লেখ থাকিবে।

(চ) কোন প্রার্থী নির্ধারিত সময়ে ভর্তি হইতে ব্যর্থ হইলে তাহার নির্বাচন বাতিল বলিয়া গণ্য হইবে এবং শূন্য আসনটি অপেক্ষমাণ তালিকা হইতে মেধানুসারে পূরণ করা হইবে।

(ছ) শিক্ষক ক্যাটাগরীর প্রার্থী ভর্তি হওয়ার পর যদি কোন আসন শূন্য থাকে তবে ঐ শূন্য আসনে অশিক্ষক ক্যাটাগরীর প্রার্থী ভর্তি হওয়ার সুযোগ পাইবেন।

(জ) বি,এড সার্বক্ষণিক কোর্স বিধায় উক্ত কোর্সে অধ্যয়নরত কোন ছাত্র/ছাত্রী অন্য কোন কোর্সে অধ্যয়ন করিতে অথবা কোন চাকুরীতে নিয়োজিত থাকিতে পারিবেন না।

৫। ১লা জুলাই, ১৯৯৯ হইতে বি,এড কার্যক্রম শুরু হইবে এবং ২০০০ সালের ৩০শে এপ্রিল পর্যন্ত চলিবে।

৬। বি,এড কোর্সে অধ্যয়নরত বেসরকারী শিক্ষক ও অশিক্ষক প্রশিক্ষণার্থীদিগকে মেধাভিত্তিক উপবৃত্তি প্রদান করা হইবে।

৭। প্রয়োজন বোধে বিস্তারিত বিবরণের জন্য সংশ্লিষ্ট শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের অধ্যক্ষের সহিত যোগাযোগ করা যাইতে পারে।

পাসপোর্ট
সাইজের
২ কপি ছবি

**বি,এড, কোর্সে ভর্তির আবেদনপত্রের ছক**
**শিক্ষাবর্ষ : ১৯৯৯-২০০০**

১। প্রার্থীর নাম ও শিক্ষক হইলে ইনডেক্স নম্বর :
২। পিতার নাম :
৩। স্থায়ী ঠিকানা :
৪। বর্তমান ঠিকানা :
৫। জন্ম তারিখ :
৬। ১লা জুলাই, ১৯৯৯ইং তারিখে বয়স :
৭। মাতৃভাষা :
৮। জাতীয়তা :
৯। শিক্ষাগত যোগ্যতা উত্তীর্ণ পরীক্ষাসমূহ :
(এস,এস,সি হইতে পরবর্তী)

| | পরীক্ষার নাম | যে শিক্ষা প্রতিষ্ঠান হইতে পাস করিয়াছেন | বিভাগ/শ্রেণী | পরীক্ষার সন | পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর |
|---|---|---|---|---|---|
| ১। | | | | | |
| ২। | | | | | |
| ৩। | | | | | |
| ৪। | | | | | |
| ৫। | | | | | |
| ৬। | | | | | |

১০। শিক্ষকতার অভিজ্ঞতা যদি থাকে (প্রধান শিক্ষক/শিক্ষিকার ক্ষেত্রে ম্যানেজিং কমিটি এবং সহকারী শিক্ষক/শিক্ষিকাদের ক্ষেত্রে প্রধান শিক্ষক অথবা প্রধান শিক্ষিকা কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট টেস্টিমোনিয়াল দ্বারা সমর্থিত হইতে হইবে।

| | যে প্রতিষ্ঠানে চাকুরী করিয়াছেন উহার নাম ও ইনডেক্স নম্বর (এম,পি,ওতে | চাকুরীর সময় কাল | মোট কত বৎসর চাকুরী করিয়াছেন |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |

আবেদনকারীর স্বাক্ষর
তারিখঃ

প্রফেসর নাইয়ার সুলতানা
মহাপরিচা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বাংলাদেশ, ঢাকা।

ডিএফপি-৫৭৩২-২২/৩/৯৯ (১৪"x৩)
ডিস-৬৫১/৯৯